

## সমকাল

রাজশাহীতে আ'লীগের বিভাগীয় প্রতিনিধি সভা

### ছাত্র রাজনীতি বন্দের পক্ষে নয় সরকার :ওবায়দুল কাদের

১০ ঘটা আগে

---

রাজশাহী বুরো

---



ଆওয়ায়ী লীগের সাধারণ সম্পাদক সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকার ছাত্রাজনীতি বন্ধের পক্ষে নয়। ছাত্র রাজনীতির কোন দোষ নাই। রাজনীতিবিদদের অধিকাংশেরই হাতেখড়ি ছাত্র রাজনীতি থেকে। মাথাব্যথা হলে মাথা কেটে ফেলা কোনো সমাধান নয়। ছাত্র রাজনীতির নামে যারা অপকর্ম করবে তাদের আইনের আওতায় আনা হবে।

গতকাল রোববার দুপুরে রাজশাহী সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যুবলীগে যাদের বিরক্ষমদে অভিযোগ আছে তারা সবাই নজরদারীতে আছে। যুবলীগ চেয়ারম্যানের বিরক্ষমদে অভিযোগ আছে কি-না সেটা পরে জানতে পারবেন।

পরে রাজশাহী শিল্প কলা একাডেমি মিলনায়তনে আওয়ামী নীগের রাজশাহী বিভাগীয় প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্য দেন ওবায়দুল কাদের। এ সময় তিনি বলেন, শুন্দি অভিযান শুধু ঢাকা শহরে সীমাবদ্ধ নয়। এটি সারাদেশে চলবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজ দলের অভ্যন্তরে শুন্দি অভিযান শুরুরূ করেছেন। তিনিই একমাত্র এই সৎ সাহস দেখাতে পেরেছেন। অন্য কোন সরকার এরকম সাহস

দেখাতে পারেননি।

নেতাকর্মীদের উদ্দেশ্যে ওবায়দুল কাদের বলেন, দুঃসময়ের ত্যাগী নেতাদের কোণ্ঠাসা করে কেউ দলে থাকতে পারবেন না। কোনো পদ কারো কাছে লিজ দেওয়া হয়নি। সারাদেশে নতুন মডেলের ক্লিন ইমেজের নেতৃত্ব গড়ে তুলতে চাই। দুষ্টু গরুক্ষমর চেয়ে শুন্য গোয়াল অনেক ভালো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার একশন শুরুক্ষম হয়ে গেছে। সন্তাসী, ভূমিদস্য, মাদক ব্যবসায়ী, টেক্নোবাজ, চাঁদাবাজ অসাধুরা সবাই সাবধান।

ত্রৃণমুলের নেতৃত্ব তৈরি এবং ইউনিট কমিটির বিষয়ে তিনি বলেন, আগামী ২০ ও ২১ ডিসেম্বর আওয়ামী লীগের কেন্দ্রীয় কাউন্সিল হওয়ার কথা রয়েছে। এর আগেই ত্রৃণমুলের সকল কমিটি করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের গাফিলতি সহ্য করা হবে না। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত নেতারা যেদিন সম্মেলনের কথা বলবেন সেদিনই স্থানীয় নেতাদের সম্মেলনের প্রস্তুতি গ্রহণ করতে হবে।

বিএনপি মহাসচিবের সমালোচনা করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন সরকার নাকি খাদের কিনারায়। আমরা বলতে চাই বিএনপি জেল, জুলুম, অস্ত্র দিয়ে আওয়ামী লীগকে দমাতে পারেনি। সেই আওয়ামী লীগকে এত দুর্ঘনত শেষ করা যাবে না। বরং নির্বাচন ও আন্দোলনে ব্যর্থ হয়ে আজ বিএনপি খাদের কিনারায়।

আওয়ামী লীগের সভাপতিমন্ত্রীর সদস্য মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, সাংগঠনিক সম্পাদক ও মৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, রাজশাহী সিটি মেয়র ও নগর আওয়ামী লীগের সভাপতি এএইচএম খায়রুল্লাহজামান লিটন, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যাপক সাইদুর রহমান খান, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য নুরুল্লাহ ইসলাম ঠাকুর ও অধ্যাপক মেরিনা জাহান।

এছাড়া খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, পরারাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকসহ বিভাগের আটটি জেলার এমপি, মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ বিভিন্ন ইউনিটের নেতারা উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল: ad.samakalonline@outlook.com